

বর্তমান

কলকাতা, মঙ্গলবার ২৭ ফেব্রুয়ারি ২০১৮, ১৪ ফাল্গুন ১৪২৪

ঐতিহ্যের রেস্তোরাঁ দি ডেনমার্ক ট্যাভার্ন

নিজস্ব প্রতিনিধি, কলকাতা: এবার হুগলির শ্রীরামপুরের রেস্তোরাঁয় ১৭৮৬ সালের শুঁড়িখানার আবহ! আয়োজনে রাজ্য পর্যটন দপ্তর। তবে তা নামেই শুঁড়িখানা। মদ পরিবেশন নিয়ে এখনই চিন্তা করছে না সরকার। তারা বলছে, একটা হারিয়ে যাওয়া ঐতিহ্যকে ফিরিয়ে আনতে আপাতত কফিশপ চালু হচ্ছে সেখানে। অতিথিদের জন্য থাকবে থাকার ব্যবস্থাও। শীঘ্রই শ্রীরামপুরে গঙ্গার ধারে শুরু হচ্ছে দি ডেনমার্ক ট্যাভার্ন।

শ্রীরামপুরে একসময় ড্যানিসদের বসবাস ছিল। তার হাত ধরেই এখানকার ইতিহাস হয়ে স্থাপত্যে ছাপ পড়েছে পাশ্চাত্যের। একাধিক সময়ে এখানে ব্যবসা করতে এসেছে

ফরাসি ও ইংরেজরা। সব মিলিয়ে এখানকার সংস্কৃতি এখনও বহন করছে সেই শতাব্দী প্রাচীন আবহ। সেই ইতিহাসকে সামনে আনতেই একটি পরিত্যক্ত অথচ প্রাচীন বাড়িকে সারিয়ে তোলে রাজ্য পর্যটন উন্নয়ন নিগম। তার সংস্কার করার পর সরকার কথা বলে ডেনমার্কের সঙ্গে। সেখানকার মিউজিয়ামের সঙ্গে একযোগে গড়ে তোলা হয় নতুন রেস্তোরাঁ ‘দি ডিনমার্ক ট্যাভার্ন’।

এখানেই নাকি ১৭৮৬ সালের অভিজ্ঞতা লাভ করবেন অতিথিরা। ট্যাভার্ন কথাটির অর্থ শুঁড়িখানা হলেও, আপাতত এটিকে ফ্যামিলি রেস্তোরাঁ হিসেবেই সামনে আনতে চায় পর্যটন দপ্তর।

শ্রীরামপুর